বাংলাদেশ শিক্ষা ও গবেষণা ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা
তারিখ 16 AUG 1989
পৃষ্ঠা ২ কলাম ৫

ফার্স্ট লেডী :

# পরীক্ষায় নকলের বিরুদ্ধে সোচ্চার হতে হবে

ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ মঙ্গলবার মেধাবী ছাত্র-ছাত্রীদের প্রতি পরীক্ষার হলে নকলের বিরুদ্ধে সোচ্চার হওয়ার ও

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ফার্স্ট লেডী

(প্রথম পৃঃ পর)

এই সামাজিক অভিশাপের বিরুদ্ধে শক্তিশালী জনমত গঠনে সহায়তা করার আহ্বান জানিয়েছেন। খবর বাসসর।

তিনি ১৯৮৯ সালের এসএসসি পরীক্ষায় শীর্ষ স্থান অধিকারী চার বোর্ডের ছাত্র-ছাত্রীদের সম্মানে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। ঢাকার ওসমানী মেমোরিয়াল হলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে আয়োজিত এই অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, শিক্ষা সচিব হেদায়েত আহমদ বং কৃতী ছাত্র মোস্তফা মোহাম্মদ রিয়াদ ও ছাত্রী তৌহিদা খাতুন বক্তৃতা করেন।

বেগম এরশাদ বলেন, পরীক্ষার হলে নকল দেশের শিক্ষা পরিবেশ কলুষিত করেছে। ভবিষ্যৎ বংশধরদের রক্ষা করতে এই অভিশাপের বিরুদ্ধে দাঁড়ানোর এটাই উপযুক্ত সময়।

ফার্স্ট লেডী ছাত্রদের প্রতি রাজনীতিতে জড়িত না হয়ে তাদের সময়কে জ্ঞানার্জনের কাজে লাগানোর আহ্বান জানান। তিনি বলেন, তোমরা জাতির দর্পণ, দেশের ভবিষ্যৎ তোমাদের ওপরই নির্ভর করে।

শেখ শহীদুল ইসলাম বলেন, শিক্ষা মন্ত্রণালয় এই প্রথম মেধাবী ছাত্রদের সংবর্ধনার আয়োজন করেছে।

ফার্স্ট লেডী পরে ছাত্র-ছাত্রীদের হাতে উপহার তুলে দেন। এছাড়া শিক্ষামন্ত্রী ফার্স্ট লেডীকে একটি প্রতীক উপহার দেন।